


নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মৌলিক সাক্ষরতা প্রকল্প(৬৪ জেলা) কার্যক্রম চালু হয়েছে। সমাজ প্রগতি সংস্থার বাস্তবায়নে কসবা উপজেলার জন্য প্রকল্প নির্ধারিত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে সুপার ভাইজার ও শিক্ষক/শিক্ষিকা নিয়োগের জন্য কসবা উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।


ক্র:নং	পদের নাম	পদ সংখ্যা	যোগ্যতা
১.	সুপার ভাইজার	১৫টি (২০টির জন্য ০১জন করে মোট ৩০০টি কেন্দ্রের জন্য)	সর্বনিম্ন এইচ.এস.সি পাস /সমমান
২.	শিক্ষক/শিক্ষিকা	৬০০টি (৩০০জন পুরুষ ও ৩০০জন মহিলা)	সর্বনিম্ন এস.এস.সি পাস/সমমান

আবেদনের শর্তাবলী

- আবেদন পত্র <http://kasba.brahmanbaria.gov.bd/> ওয়েব সাইট থেকে ডাউনলোড করে, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) কসবা, ব্রাহ্মণবাড়িয়া বরাবর আগামী ১৫/০৪/২০১৮খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। অথবা সরাসরি উপজেলা প্রোগ্রাম অফিসারের কার্যালয়, কসবা, (মাধ্যমিক শিক্ষা অফিস সংলগ্ন) জমা দেওয়া যাবে।
- আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার ফটোকপি, ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং ২ কপি রসিদ পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- শিক্ষক/শিক্ষিকা কেন্দ্র সংশ্লিষ্ট ওয়ার্ডের অধিবাসী এবং সুপার ভাইজার সংশ্লিষ্ট ইউনিয়নের অধিবাসী হতে হবে।
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবসর প্রাপ্ত শিক্ষক, যোগ্যতা সম্পন্ন বেকার ও ইতোমধ্যে বাস্তবায়িত টিএলএম কর্মসূচিতে অংশগ্রহণকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- সফলভাবে মৌলিক শিক্ষা কোর্স সম্পন্নকারী প্রতিজন শিক্ষার্থীর জন্য শিক্ষক প্রতি মাসে ৮০/-টাকা করে সম্মানী প্রাপ্য হবেন। এ হিসেবে মাসে ৩০ জন শিক্ষার্থীর জন্য ১ জন শিক্ষক সর্বোচ্চ ২৪০০/-টাকা সম্মানী পাবেন। প্রতি মাসে শিক্ষক তার মাসিক সম্মানির ৫০% অর্থাৎ ১২০০/- টাকা সম্মানী পাবেন। অবশিষ্ট সম্মানী মধ্যবর্তী মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়নের পর কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে প্রদান করা হবে।
- সুপার ভাইজারদের মাসিক সম্মানী ২০০০/- টাকা এবং যাতায়াত ভাড়া ৫০০/-টাকা। তাদের ২০০০/-টাকা সম্মানীর ৫০% অর্থাৎ ১০০০/-টাকা + যাতায়াত ভাড়া ৫০০/-টাকা সহ মোট ১৫০০/-টাকা প্রদান করা হবে। অবশিষ্ট সম্মানী মধ্যবর্তী ও চূড়ান্ত মূল্যায়নের পর কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে প্রদান করা হবে।
- শুধু প্রকল্প চলাকালীন মেয়াদের জন্য শিক্ষক/শিক্ষিকা ও সুপারভাইজার নিয়োগ দেওয়া হবে।
- নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।


২৮/০৩/২০১৮

মো. শফিউল ইসলাম
নির্বাহী পরিচালক
সমাজ প্রগতি সংস্থা ও
সদস্য সচিব
উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা নিয়োগ কমিটি
০১৫২১-২৩৫৪০৬


হাসিনা ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

জ্ঞাতার্থে/কার্যার্থে-

- জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ব্রাহ্মণবাড়িয়া।
- ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- চেয়ারম্যান ----- (সকল) ইউনিয়ন পরিষদ (পত্রটি নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- উপজেলা প্রোগ্রাম অফিসার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), কসবা, ব্রাহ্মণবাড়িয়া।